# বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)
# BANGLADESH SANGBAD SANGSTHA (BSS)
National News Agency of Bangladesh


স্মারক নং: ১৫.৬১.০০০০.০০৫.১৬.৭৫০.২৪ ৯১৬৬ তারিখঃ ০৫ ডিসেম্বর ২০২৪

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

দৃষ্টি আকর্ষণঃ জনাব শাহেদ মোস্তফা, উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।

বিষয়ঃ **সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা দাখিল প্রসঙ্গে।**

সূত্রঃ ১৫.০০.০০০০.০১৫.০৬.০০৪.২৪.৫১, তারিখঃ ০২ ডিসেম্বর ২০২৪

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ বর্ণনা সম্বলিত পত্রের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় সংবাদ সংস্থা হিসেবে বাসস দেশের ও আন্তজার্তিক সকল ধরনের সংবাদ সংগ্রহ করে বিভিন্ন গণমাধ্যমে প্রচার করে থাকে। বাসস'র প্রচারিত সংবাদ রাষ্ট্র, জনগণ এবং অর্থনীতির ওপর সরাসরি প্রভাব ফেলতে সহায়ক ভূমিকা পালন করে। সংস্থার দৈনন্দিন সংবাদ সংগ্রহ ও বিতরণ কাজকে গুরুত্ব দিয়ে ছাত্রজনতাকে সম্পৃক্ত করে সংবাদ সংগ্রহের কাজ চলমান রয়েছে। বাসস বিগত সরকারের দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে সংবাদ সংগ্রহ ও প্রচার করে সঠিক তথ্য জনগণের সামনে তুলে ধরার জন্য কাজ করে যাচ্ছে।

অত্রসাথে সংস্থার সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার তথ্য সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে

**মাহবুব মোর্শেদ**
ব্যবস্থাপনা পরিচালক ও
প্রধান সম্পাদক

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ১ (পাতা)।

লেটার-শায়লা


68/2, Purana Paltan, Dhaka-1000, Bangladesh, Phone: +880241053450-59, E-mail: bssnews@bssnews.net, Web: www.bss.org.bd
News Portal: www.bssnews.net, IP Telephone Number: +8809612277345, +8809613277345


CamScanner

তারিখঃ ০৫ ডিসেম্বর ২০২৪

বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)
৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

## বাসস'র সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা

| বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | সংস্কার পরিকল্পনা/কার্যক্রমের শিরোনাম | সংস্কার পরিকল্পনা/কার্যক্রমের বর্ণনা | সংস্কার পরিকল্পনা/কার্যক্রমের কাঙ্খিত ফলাফল | সংস্কার পরিকল্পনা/কার্যক্রম গ্রহণের তারিখ | গৃহীত সংস্কার পরিকল্পনা/কার্যক্রম সমাপ্তির সম্ভাব্য তারিখ | মন্তব্য (স্বল্প/মধ্যমেয়াদি) |
| ০১. | ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের সংবাদ সংগ্রহ ও প্রচার | ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের সংবাদ সংগ্রহ করে ২৫০টি মানবিক প্রতিবেদন তৈরির লক্ষ্যমাত্রা ধরে নিয়মিত সংবাদ সংগ্রহ ও প্রচারের কাজ চলমান থাকবে। | আন্দোলনে আহত, নিহত ও শহীদদের সঠিক তথ্য জনগণের নিকট তুলে ধরা সম্ভব হচ্ছে। | ০৫ ডিসেম্বর, ২০২৪ | ৩১ ডিসেম্বর, ২০২৫ | মধ্যমেয়াদি |
| ০২. | পতিত সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত সকল দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে সংবাদ সংগ্রহ ও প্রচার করা | পতিত সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত সকল দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে সংবাদ সংগ্রহ ও প্রচারের কাজ চলমান থাকবেন। | বিগত সরকারের দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদির সঠিক সকল তথ্য জনগণ পাবে। | ০৫ ডিসেম্বর, ২০২৪ | ৩১ ডিসেম্বর, ২০২৫ | মধ্যমেয়াদি |
| ০৩. | সংস্থায় প্লাস্টিকের ব্যবহার পরিহার করে কাঁচের গ্লাস, জগের ব্যবহার বৃদ্ধি | সংস্থায় প্লাস্টিকের ব্যবহার পরিহার করে কাঁচের গ্লাস, জগের ব্যবহার বৃদ্ধি করা হবে | স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি পাবে ও পরিবেশ বান্ধব হবে। | ১২ সেপ্টেম্বর, ২০২৪ | চলমান | মধ্যমেয়াদি |